রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৩ সনের ৪০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৫, ২০২৩

সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭১৩—৭২০ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৩১১—১৩২৬ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১৫৭—১১৭৬ | (৬) .......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**এডিবি-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ ভাদ্র ১৪৩০/০৫ সেপ্টেম্বর ২০২৩

নং ০৯.০০.০০০০.১২৩.১৪.০২৩.১৭-২৩২—আগামী ৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখ, রোজ বৃহস্পতিবার, বেলা: ১০.৩০ টায় video conference (Zoom ID: 939 8609 7423 & Passcode: ADB 12345) এর মাধ্যমে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সঙ্গে “South Asia Subregional Economic Cooperation (SASEC), Dhaka-Northwest Corridor Road Project, Phase-2-Tranche 3” শীর্ষক খসড়া ঋণচুক্তি এবং তৎসংশ্লিষ্ট দালিলাদির উপর Loan Negotiation অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে নিম্নোক্তভাবে বাংলাদেশ প্রতিনিধি দল গঠন করা হলো :

**দলনেতা**

(১) জনাব এ কে এম সোহেল, এডিবি অনুবিভাগ প্রধান (অতিরিক্ত দায়িত্ব) ও যুগ্মসচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

**সদস্যবৃন্দ**

(২) জনাব এস. এম. জাকারিয়া হক, যুগ্মসচিব, এডিবি-১ অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

(৩) জনাব সৈয়দ আশরাফুজ্জামান, উপসচিব, ফাবা ও আইসিটি অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

(৪) জনাব ড. মোঃ ওয়ালিউর রহমান, প্রকল্প পরিচালক, সাসেক সড়ক সংযোগ প্রকল্প-২: এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ প্রকল্প, সড়ক ও জনপথ অধিদপ্তর।

(৫) জনাব মোঃ আল আমিন, দ্বিতীয় সচিব (কাস্টমস অব্যাহতি ও প্রকল্প সুবিধা), জাতীয় রাজস্ব বোর্ড।

(৬) জনাব কাজী আরেফীন রেজওয়ান, সিনিয়র সহকারী সচিব, এডিবি-১ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

(৭) জনাব মাখজানুল ইসলাম তৌহিদ, সিনিয়র সহকারী সচিব, বৈদেশিক সহায়তা শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(৮) মিজ্ মনিকা বিকি, সহকারী সচিব (ড্রাফটিং), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

(৯) প্রতিনিধি, অর্থ বিভাগ।

(১০) প্রতিনিধি, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

(১১) প্রতিনিধি, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন।

২। বাংলাদেশ প্রতিনিধি দলের সকল সদস্য যথাযময়ে উক্ত Loan Negotiation-এ অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী আরেফীন রেজওয়ান**
সিনিয়র সহকারী সচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ/৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ।

**নং ৩০/২০২৩/কাস্টমস/৪৩৭**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দরে, অবস্থিত মেসার্স এইচ. এম এন্টারপ্রাইজ নামীয় ডিউটি ফ্রি শপ এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো :

| ক্র: নং | পণ্যের বিবরণ | বার্ষিক আমদানি প্রাপ্যতা (মা: ড:) |
|---|---|---|
| ১ | মদ/লিকার (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ৪০,০০০.০০ |
| ২ | সিগারেট ও তামাকজাত পণ্য | ২৫,০০০.০০ |
| ৩ | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ২,৫০০.০০ |
| ৪ | খাদ্য সামগ্রী ও অন্যান্য | ২,৫০০.০০ |
| | **সর্বমোট=** | **৭০,০০০.০০** (সত্তর হাজার) মা. ডলার |

**নাজমুন নাহার**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**সলিসিটর অনুবিভাগ (জিপি/পিপি শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ

**নং ০২-সলিসিটর/২০০৯-১০০**—The Bangladesh Law Officers Order, 1972 (P.O.No.6 of 1972) এর ৪(১) অনুচ্ছেদ অনুসারে ডেপুটি অ্যাটর্নি জেনারেল এমরান আহম্মদ ভূঁইয়া'র নিয়োগাদেশ জনস্বার্থে বাতিলক্রমে তাঁকে ডেপুটি অ্যাটর্নি জেনারেল পদ থেকে অব্যাহতি প্রদান করা হলো।

২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রুনা নাহিদ আকতার**
সলিসিটর।

**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ : ১৩ ভাদ্র ১৪৩০/২৮ আগস্ট ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৮৪.০৪.৩০১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মমিনুল ইসলাম, জন্ম তারিখ : ০৫/০৬/১৯৯৭ খ্রি., পিতা-সিদ্দিকুর রহমান, মাতা-উম্মে কুলছুম, গ্রাম-দক্ষিণ কিসমতজাল্লা, ওয়ার্ড নং-০৪, ডাকঘর-ইসলামপুর, উপজেলা ইসলামপুর, জেলা-জামালপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে জামালপুর জেলার ইসলামপুর পৌরসভার ০৪ ও ০৫ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৮৪.০৪.৩০০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব আব্দুল্লাহ আল মাহফুজ, জন্ম তারিখ : ২৭/০৯/২০০১ খ্রি., পিতা-আব্দুল হান্নান, মাতা-ফারজানা ইয়াছমিন, গ্রাম-গাঁওকুড়া কাচারীপাড়া, ওয়ার্ড নং-০৬, ডাকঘর-ইসলামপুর, উপজেলা ইসলামপুর, জেলা-জামালপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে জামালপুর জেলার ইসলামপুর পৌরসভার ০৩ ও ০৬ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

## বিচার শাখা-৬

### আদেশ

তারিখ: ০৯ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ/২৪ আগস্ট, ২০২৩ খ্রিঃ।

**নং আর-৬/৭এন-৫৭/২০২৩-৩৬০**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব সৈয়দ ইরফান, পিতা সৈয়দ নুর, মাতা-নুর জাহান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল:—

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules,1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসর নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

## শিক্ষা মন্ত্রণালয়
## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
## বেসরকারি কলেজ-৬ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২৯ চৈত্র, ১৪২৯/১২ এপ্রিল, ২০২৩ খ্রিঃ।

নং '**৩৭.০০.০০০০.০৭০.৩৮.০০১.১৭.৯৩**—সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮'-এর আলোকে যশোর জেলার শার্শা উপজেলাধীন 'ফজিলাতুননেছা মহিলা কলেজ' গত ০৯ এপ্রিল ২০২৩ তারিখ হতে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসাঃ রোকেয়া পারভীন**
উপসচিব (বেসরকারি কলেজ-৬)।

---

## বেসরকারি বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
## সিএ-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২০ ভাদ্র, ১৪৩০/০৪ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ।

নং **৩০.০০.০০০০.০১৩.১৮.০০৯.১৯.৪৯৭**—বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭-এর ১৭ ধারা মোতাবেক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নতুন হ্যাংগার, হ্যাংগার সংলগ্ন অফিস ভবন ও মাল্টিপারপাস বিল্ডিং এর স্পেসের ইজারামূল্যের হার নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো:

**ইজারার হার: টাকা**

| বিবরণী | ১ জুলাই ২০২১ হতে ৩০ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত মাসিক ইজারা হার প্রতি বর্গফুট | | ১ অক্টোবর ২০২১ হতে ৩০ জুন ২০২২ পর্যন্ত মাসিক ইজারা হার প্রতি বর্গফুট | | ১ জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৩ পর্যন্ত মাসিক ইজারা হার প্রতি বর্গফুট | | ১ জুলাই ২০২৩ হতে ৩০ জুন ২০২৪ পর্যন্ত মাসিক ইজারা হার প্রতি বর্গফুট | | ১ জুলাই ২০২৪ হতে নির্দেশনা না দেয়া পর্যন্ত মাসিক ইজারা হার (বর্গফুট) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | দেশীয় এয়ারলাইন্স /প্রতিষ্ঠান | বিদেশি MRO প্রতিষ্ঠান | দেশীয় এয়ারলাইন্স /প্রতিষ্ঠান | বিদেশি MRO প্রতিষ্ঠান | দেশীয় এয়ারলাইন্স /প্রতিষ্ঠান | বিদেশি MRO প্রতিষ্ঠান | দেশীয় এয়ারলাইন্স/ প্রতিষ্ঠান | বিদেশি MRO প্রতিষ্ঠান | দেশীয় এয়ারলাইন্স/ প্রতিষ্ঠান | বিদেশি MRO প্রতিষ্ঠান |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| (ক) হ্যাংগার | ০.০০ | ৮০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ৪৮.০০ | ৮০.০০ | ৬০.০০ | ৮০.০০ | ৮০.০০ | ৮০.০০ |
| (খ) হ্যাংগার ভবন | ০.০০ | ৮০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ৪৮.০০ | ৮০.০০ | ৬০.০০ | ৮০.০০ | ৮০.০০ | ৮০.০০ |
| (গ) মাল্টি পারপাস ক্লাব ভবন | ০.০০ | ৮০.০০ | ১০০.০০ (নন-এসি) ১২০.০০ (এসি) সুবিধাসহ | ১০০.০০ (নন-এসি) ১২০.০০ (এসি) সুবিধাসহ | ১০০.০০ (নন-এসি) ১২০.০০ (এসি) সুবিধাসহ | ১০০.০০ (নন-এসি) ১২০.০০ (এসি) সুবিধাসহ | ১০০.০০ (নন-এসি) ১২০.০০ (এসি) সুবিধাসহ | ১০০.০০ (নন-এসি) ১২০.০০ (এসি) সুবিধাসহ | ১২০.০০ (নন-এসি) ১৫০.০০ (এসি) সুবিধাসহ | ১২০.০০ (নন-এসি) ১৫০.০০ (এসি) সুবিধাসহ |

২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের গত ০৬-০৮-২০২৩ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৪৩.৯৯.০০২.২১.১৫৯ নং পত্রের সম্মতি এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ প্রজ্ঞাপন গত ১ জুলাই ২০২১ খ্রিঃ তারিখ হতে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অনুপ কুমার তালুকদার**
উপসচিব।

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৫ (প্রশাসন ও শৃঙ্খলা) শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৮ ভাদ্র, ১৪৩০/২৩ আগস্ট, ২০২৩ খ্রিঃ।

নং **৪১.০০.০০০০.০২০.২৭.০০৮.২২.১৯০**—যেহেতু, জনাব নির্মল কান্তি কর্মকার, প্রবেশন অফিসার, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট এর বিরুদ্ধে উপজেলা সমাজসেবা কার্যালয়, অভয়নগর, যশোরে কর্মকালে সিদ্দিপাশা দরবার শরীফ হজরত আলী (রাঃ) এতিমখানার সাধারণ সম্পাদক জনাব মোঃ আব্দুস সালাম শেখ এর সহায়তায় ও যোগসাজশে অতিরিক্ত নিবাসী ভর্তি দেখিয়ে প্রতিবেদন প্রেরণকরত অতিরিক্ত ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ নেওয়া, কর্মে গাফিলতি, সরকারি অর্থ আত্মসাতে সহায়তা প্রদান এবং আর্থিক অনিয়মের অভিযোগ আনয়ন করা হয়;

যেহেতু, প্রাথমিক তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর (জনাব নির্মল কান্তি কর্মকার) বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) বিধি অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতি পরায়ণ" এর অভিযোগে ১২/২০২২ নম্বর বিভাগীয় মামলা রুজুকরত জবাব দাখিলের জন্য অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর লিখিত জবাব দাখিলকরত তিনি ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন। ব্যক্তিগত শুনানি গ্রহণ শেষে তাঁর বক্তব্য সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২) (ঘ) বিধি অনুযায়ী "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" লঘুদন্ড প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়;

সেহেতু, জনাব নির্মল কান্তি কর্মকার, প্রবেশন অফিসার, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট-কে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল ) বিধিমালা,২০১৮ এর ৩(খ) ও (ঘ) বিধি অনুযায়ী "অসদচারণ" ও "দুর্নীতিপরায়ণ" এর অভিযোগে একই বিধিমালার ৪(২) (ঘ) বিধি মোতাবেক আদেশ জারির তারিখ হতে দুই বছরের জন্য "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনতিকরণ" অর্থাৎ ২৩০০০-৫৫৪৭০/- টাকার বেতন স্কেলের বর্তমান মূল বেতন ৪৫,৬১০/-এর নিম্নতর ধাপ ৪৩,৪৩০/-টাকা মূল বেতনে ধার্য হলো। দন্ড বলবৎ থাকার সময়কাল বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনাযোগ্য হবে না। মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়া ভাবে পূর্বের স্কেলে ৪৫,৬১০/-টাকার মূলবেতনে প্রত্যাবর্তন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪১.০০.০০০০.০৪১.২৭.০০১.১৮.১৯১**—যেহেতু, জনাব নজরুল ইসলাম পাটওয়ারী, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী (প্রাক্তন প্রধান শিক্ষক, সরকারি বাক-শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়, বাবুরহাট, চাঁদপুর) এর বিরুদ্ধে ২০১৬ সালে সরকারি বাক-শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়, বাবুরহাট, চাঁদপুর এর ব্যবস্থাপনা কমিটির সভা আহ্বান না করা; ঠিকাদার কর্তৃক প্রতিষ্ঠানের ডরমিটরি ভবনের পার্শ্বে খাদ সৃষ্টিকরত মাটি কেটে দৃষ্টি প্রতিবন্ধী হোস্টেল ভবনের রাস্তা নির্মাণের ফলে বাক-শ্রবণ প্রতিবন্ধী ও দৃষ্টি প্রতিবন্ধী নিবাসীদের চলাফেরায় মারাত্মক ঝুকি সৃষ্টি করা; হোস্টেল নির্মাণের কাজে সরকারি বাক-শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়ের পানির লাইন হতে অবৈধভাবে ঠিকাদারকে পানির লাইনের সংযোগ নিতে সহযোগিতা করা; উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত সরকারি বাক-শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়ের পুকুর বর্গা দেওয়া; ঠিকাদারের নিকট হতে স্টিলের খাটের পরিবর্তে কাঠের চৌকি সরবরাহ নেওয়ার এবং নিবাসীদের অভিভাবকগণের নিকট হতে ভর্তি ফি ও বেতন গ্রহণের অভিযোগ আনয়ন করা হয়;

যেহেতু, প্রাথমিক তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর (জনাব নজরুল ইসলাম পাটওয়ারী) বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) বিধি অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতি পরায়ণ" এর অভিযোগে ০১/২০১৮ নম্বর বিভাগীয় মামলা রুজুকরত জবাব দাখিলের জন্য অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর লিখিত জবাব দাখিলকরত তিনি ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন। ব্যক্তিগত শুনানি গ্রহণ শেষে তাঁর বক্তব্য সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২) (ঘ) বিধি মোতাবেক অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় (স্মারক নম্বর: ৪১.০০.০০০০. ০৪১.২৭.০০১.১৮.২৪৩, তারিখ: ০৪ সেপ্টেম্বর ২০২২);

যেহেতু, দাখিলকৃত তদন্ত প্রতিবেদন মোতাবেক অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দোষ স্বীকার করা হয়েছে এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

সেহেতু, জনাব নজরুল ইসলাম পাটওয়ারী, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী (প্রাক্তন প্রধান শিক্ষক, সরকারি বাক-শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়, বাবুরহাট, চাঁদপুর)-কে তাঁর বিরুদ্ধে ০১/২০১৮ নম্বর বিভাগীয় মামলায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল ) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) বিধি মোতাবেক "তিরস্কার" লঘুদন্ড প্রদানকরত বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহাঙ্গীর আলম**
সচিব।

---

**প্রশাসন-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩০/১৪ আগস্ট ২০২৩

নং **৪১.০০.০০০০.০১৯.০০১.৩৭.১৮.৩১৮**— 'Tidal River Management and Its Impact in the Southwest Regoin of Bangladesh' শীর্ষক গবেষণার জন্য খুলনা বিশ্ববিদ্যালয় হতে পিএইচডি ডিগ্রী সম্পন্নসহ সনদপত্র অর্জন করায় জনাব মোঃ মেহেদী আল মাসুদ, সহকারী পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা এর নামের শেষে 'পিএইচডি' ব্যবহারের অনুমতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আজিজুর রহমান** বিপিএএ
উপসচিব (প্রশাসন-৪)।

ভূমি মন্ত্রণালয়
জরিপ অধিশাখা-২

প্রজ্ঞাপন

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ/১৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.১৬৩.১০(অংশ-১).২১৯—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে.এল নম্বর | মোট খতিয়ান | শীট সংখ্যা | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|---|
| ১. | বীরসিংহ | ৯৬ | ১২৯২ | ০২ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ২. | কান্তলা | ২০২ | ১৯৮৮ | ০৩ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৩. | বাওর কুমারজানি | ৭১ | ১৭৭৪ | ০২ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৪. | কাটালিয়া | ৭৩ | ২৭৯ | ০১ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৫. | ইনায়েতপুর | ২১২ | ২০৪৮ | ০২ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| ৬. | সন্তোষ | ১৯৭ | ১৫১৩ | ০৩ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| ৭. | চর পৌলি | ০৮ | ৩৯৬৬ | ১৩ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| ৮. | পাকুল্লা | ১৫৯ | ২৯৭৭ | ০৩ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |
| ৯. | নারচি | ৯৩ | ৪২৭৩ | ০৩ | গোপালপুর | টাঙ্গাইল |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম এম জাহাঙ্গীর হোসেন**
উপসচিব।

---

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
আইন-২ শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ৮ ভাদ্র ১৪৩০/২৩ আগস্ট ২০২৩

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০২.২৩-১০৭৪—সিলেট জেলার গোলাপগঞ্জ মডেল থানার মামলা নং-১১, তারিখঃ ১৬-১১-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী,২০১৩)}-এর ৮-/(২)/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) রোপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০২.২৩-১০৭৫—ঢাকা জেলার শাহজাহানপুর থানার মামলা নং-১১(০৪)২০২২-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯(২)/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০২.২৩-১০৭৬—ঢাকা জেলার হাজারীবাগ থানার মামলা নং-৪৫(০৭)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০২.২৩-১০৭৭ ঢাকা জেলার আদাবর থানার মামলা নং-১৪(০৬)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০২.২৩-১০৭৮ ঢাকা জেলার মতিঝিল থানার মামলা নং-০৬(০২)২০২০-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০/১১ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০২.২৩-১০৭৯—ঢাকা জেলার মোহাম্মদপুর থানার মামলা নং-৯৫(০৫)২০২২-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মফিজুল ইসলাম**
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)।

---

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ ভাদ্র ১৪৩০/৩১ আগস্ট ২০২৩

নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৮২.২২-৩১০—যেহেতু, জনাব মামুন-অর-রশিদ, বিপি-৭৫৯৯০৪২৩৬০, অফিসার ইনচার্জ, কেরানীগঞ্জ মডেল থানা, ঢাকা ইতঃপূর্বে তিনি ময়মনসিংহ জেলার ভালুকা থানায় অফিসার ইনচার্জ হিসেবে কর্মরত থাকাকালে গত ১৫-১২-২০১৭ তারিখে অভিযোগকারী মোঃ আলমাস আলী শেখ (পিতা মৃত: ইউনুস আলী শেখ, ০৩ নং ওয়ার্ড, ভালুকা পৌরসভা, থানা-ভালুকা, জেলা-ময়মনসিংহ) এর অভিযোগের প্রেক্ষিতে ভালুকা মডেল থানার জিডি নং-৬৮৬ তারিখ: ১৫-১২-২০১৭ লিপিবদ্ধ করা হয়। তিনি উক্ত জিডি সংক্রান্তে কোনো আইনগত ব্যবস্থা গ্রহণ না করায় পুনরায় গত ২৪-০১-২০১৮ তারিখে প্রতিপক্ষ দ্বারা অভিযোগকারীর দোকানঘর ভাংচুরসহ আর্থিক ক্ষতি হওয়ার অভিযোগে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি ৪ এর উপ-বিধি ২(ক) মোতাবেক তিরস্কার দণ্ড প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন;

০২। যেহেতু, তার আবেদন অনুযায়ী গত ১১-০৬-২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন;

০৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়; এবং

০৪। সেহেতু, জনাব মামুন-অর-রশিদ, বিপি-৭৫৯৯০৪২৩৬০, অফিসার ইনচার্জ, কেরানীগঞ্জ মডেল থানা, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(ক) মোতাবেক প্রদত্ত "তিরস্কার" দণ্ড বহাল রাখা হলো।

০৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান**, বিপিএএ
সিনিয়র সচিব।

---

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২ ভাদ্র ১৪৩০/০৪ সেপ্টেম্বর ২০২৩

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৯-১১৭০—বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম এর অনুরোধের প্রেক্ষিতে বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, বাঁশখালী, চট্টগ্রাম-এর সি আর মামলা নং-৪৯/২০২৩ (বাঁশখালী), তদন্তের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৮৮ ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০১.২৩-১১৭৬—ফরিদপুর জেলার কোতোয়ালী থানার মামলা নং-৪০, তারিখ:-১৪-১২-২০২১ খ্রি:-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)এর (অ)(ই)(ঈ)/১০/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আশাফুর রহমান**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ ভাদ্র ১৪৩০/২৩ আগস্ট ২০২৩

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০২.২৩-১০৭৩**—নারায়ণগঞ্জ জেলার বন্দর থানার মামলা নং-১৬, তারিখ:-১২-০৭-২০২১ খ্রি:-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(উ)/৭/৮/৯(৩)/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মফিজুল ইসলাম**
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)।

---

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৪ ভাদ্র ১৪৩০/২৯ আগস্ট ২০২৩

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০১০.২৩-৩৬৬**—যেহেতু, জনাব মোঃ মোশারফ হোসেন তরফদার (বিপি-৬৮৯০০১০৩৪০), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), সদর সার্কেল অফিস, টাঙ্গাইল জেলায় কর্মরত ইতোঃপূর্বে অফিসার ইনচার্জ আখাউড়া থানা, ব্রাহ্মণবাড়ীয়া জেলায় কর্মকালে গত ০৩-১১-২০১৮ তারিখ জুলামিন মোল্লাকে তার বাড়ির সামনের রাস্তায় দাঁড়ানো পেয়ে গ্রেফতার পূর্বক থানায় নিয়ে আসেন এবং পরবর্তীতে থানা থেকে ছেড়ে দেয়ার বিষয়ে জিডিতে কোনো কিছু উল্লেখ না করার অভিযোগে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি ৪ এর উপ-বিধি ২(ক) মোতাবেক "তিরস্কার" দণ্ড প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন;

০২।যেহেতু, তার আবেদন অনুযায়ী গত ২৩-০৮-২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন;

০৩।যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়নি মর্মে প্রতীয়মান হয়; এবং

০৪।সেহেতু, জনাব মোঃ মোশারফ হোসেন তরফদার (বিপি-৬৮৯০০১০৩৪০), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), সদর সার্কেল অফিস, টাঙ্গাইল জেলায় কর্মরত-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(ক) মোতাবেক প্রদত্ত "তিরস্কার" দণ্ডাদেশ সার্বিক পর্যালোচনায় মওকুফ করা হলো।

০৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৩৭.২৩-৩৬৭**—যেহেতু, পুলিশ পরিদর্শক জনাব মুহাম্মদ শামছুল ইসলাম (বিপি-৬৬৯১০০৬২৬৫), সিআইডি, ফেনী জেলায় কর্মরত ইতঃপূর্বে অফিসার ইনচার্জ, সন্দ্বীপ থানা, চট্টগ্রাম জেলায় কর্মকালে জনৈক ডলি আক্তার কর্তৃক দায়েরকৃত সন্দ্বীপ থানার মামলা নং-১২(০৯)১৬ ও জনৈক আমেনা বেগম কর্তৃক সন্দ্বীপ থানায় দায়েরকৃত মামলা নং-০৩(০৯)১৬ এর তদন্তকারী কর্মকর্তা নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব বিজন কুমার বড়ু য়া, বিপি-৬৬৯১০০৬২৬৫ (বর্তমানে আরওআই, চট্টগ্রাম জেলা) মামলা দুইটি তদন্তপূর্বক চূড়ান্ত রিপোর্ট দাখিল করেন। উক্ত মামলা দুইটিতে অভিযোগপত্র দেয়ার মত পর্যপ্ত সাক্ষ্য-প্রমাণ থাকা সত্ত্বেও মামলার তদন্তকারী কর্মকর্তা ইচ্ছাকৃতভাবে ও পক্ষপাতদুষ্ট হয়ে চূড়ান্ত রিপোর্ট দাখিল করেন। অপরদিকে কাউন্টার মামলা নং-০৪(০৯)১৬, ০৬(০৯)১৬, ০৭(০৯)১৬ মামলাসমূহে দাখিলকৃত অভিযোগপত্র ও সিআর মামলা নং-১২১/১৭ (সন্দ্বীপ) এবং সিআর মামলা নং-১২৪/১৭ (সন্দ্বীপ) মামলার ঘটনার সত্যতা না থাকা সত্ত্বেও সত্যতা পাওয়া গেছে মর্মে নিরস্ত্র পুলিশ পরিদর্শক (তদন্ত) জনাব বিজন কুমার বড়ুয়া বিজ্ঞ আদালতে প্রতিবেদন দাখিল করেন। পুলিশ পরিদর্শক জনাব মুহাম্মদ শামছুল ইসলাম (বিপি-৬৬৯১০০৬২৬৫), সন্দ্বীপ থানার অফিসার ইনচার্জ হিসেবে কর্মরত থাকাকালীন পুলিশ পরিদর্শক (তদন্ত) জনাব বিজন কুমার বড়ুয়ার মামলা তদন্তে গাফিলতি সমূহকে সমর্থন করেন। তিনি মামলা তদন্তে সঠিক তদারকী না করায় মামলার বাদী বিজ্ঞ আদালতে সঠিক বিচারপ্রাপ্ত না হয়ে হয়রানির স্বীকার হয়েছে মর্মে অভিযোগ তদন্তে প্রতীয়মান হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪-এর উপ-বিধি ২(ঘ) মোতাবেক "০২ (দুই) বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" দণ্ড প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন;

০২। যেহেতু, তার আবেদন অনুযায়ী গত ২৩-০৮-২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দন্ড মওকুফের প্রার্থনা করেন;

০৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দন্ড যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়; এবং

০৪। সেহেতু, জনাব মুহাম্মদ শামছুল ইসলাম (বিপি-৬৬৯১০০৬২৬৫), পুলিশ পরিদর্শক, সিআইডি, ফেনী জেলায় কর্মরত-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(ঘ) মোতাবেক "০২ (দুই) বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" দণ্ড বহাল রাখা হলো।

০৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান**, বিপিএএ
সিনিয়র সচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**শাখা ডি-৫**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ/৩১ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ২৩.০০.০০০০.০৫০.২২.১১৪.১৩.১০৬**—সরকার "সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তরের অধীন হাসপাতাল ও মেডিকেল ইনস্টিটিউটসমূহে Relative Entitled (RE) ও Civil Non Entitled (CNE) রোগীদের চিকিৎসা সহায়তা বাবদ প্রাপ্ত অর্থ বণ্টনের সংশোধিত নীতিমালা, ২০২৩" জারি করলেন।

**"সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তরের অধীন হাসপাতাল ও মেডিকেল ইনস্টিটিউটসমূহে Relative Entitled (RE) ও Civil Non Entitled (CNE) রোগীদের চিকিৎসা সহায়তা বাবদ প্রাপ্ত অর্থ বণ্টনের সংশোধিত নীতিমালা, ২০২৩"**

**ভূমিকা:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, প্রতিরক্ষা মন্ত্রণালয় প্রজ্ঞাপন নং-প্রম/ভুঃঅনু:/ডিজিএমএস/ডি-৫/২০১৩ (অংশ-২)/৩৫৩ তারিখ: ০৯ জুন ২০১৩ অনুযায়ী RE এবং CNE বেসামরিক রোগীদের নিকট হতে চিকিৎসা সহায়তা বাবদ প্রাপ্ত অর্থ বণ্টন করা হচ্ছে। পরবর্তীতে সেনাসদর, এজি শাখা (চিকিৎসা পরিদপ্তর) পত্র নং-২৩.০১.৯০১.০৪১.০২.০৪৬.৮৩.১০.০৪.১৮, তারিখ-১০ এপ্রিল ২০১৮ এর মাধ্যমে বণ্টন নীতিমালায় পরিবর্তনের প্রস্তাব করায় এই সংশোধিত নীতিমালা প্রণয়ন করা হলো।

২। **শিরোনাম ও প্রযোগ:**

(ক) সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তরের অধীন হাসপাতাল ও মেডিকেল ইনস্টিটিউটসমূহে Relative Entitled (RE) ও Civil Non Entitled (CNE) রোগীদের চিকিৎসা সহায়তা বাবদ প্রাপ্ত অর্থ বণ্টনের সংশোধিত নীতিমালা, ২০২৩ নামে পরিচিত হবে।

(খ) সশস্ত্র বাহিনীর সকল হাসপাতাল ও মেডিক্যাল ইনস্টিটিউটসমূহ এ নীতিমালার অন্তর্ভুক্ত হবে।

৩। **সাধারণ নিয়মাবলি:**

(ক) Relative Entitled (RE) ও Civil Non Entitled (CNE) রোগীদের চিকিৎসা সহায়তা বাবদ প্রাপ্ত অর্থ সরকারি খাতে জমা করা হবে।

(খ) জমাদানকৃত সমুদয় অর্থের ৬৫% টাকা সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তরের টেস্টিং ফি খাতে বরাদ্দকৃত বাজেট হতে এফসি কার্যালয়ের মাধ্যমে বিল পাস করতঃ সংশ্লিষ্ট খাতে বণ্টন করবে। প্রতি অর্থ বছরে টেস্টিং ফি খাতে বরাদ্দকৃত ৬৫% বাজেটের সাথে ১০% প্রবৃদ্ধি যোগ করে পরবর্তী অর্থ বছরে বাজেটে বরাদ্দ রাখা যাবে।

(গ) উল্লিখিত খ-অনুসারে বাজেটে বরাদ্দকৃত অর্থ প্রতি অর্থ বছরে দুইবার যথাক্রমে জুলাই এবং ডিসেম্বর মাসে দুই কিস্তিতে ছাড় করে নিম্নরূপভাবে বিতরণ করা যাবে ঃ

(১) বিশেষজ্ঞ শেয়ার-২০%

(২) গবেষণা ও উন্নয়ন শেয়ার-২০%

(৩) স্টাফ শেয়ার-১০%

(৪) সার্ভিস চার্জ শেয়ার-১৫%

(ঘ) এ অর্থ ব্যয়ে আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

(ঙ) সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর কর্তৃক গঠিত একটি কমিটির মাধ্যমে সামরিক হাসপাতাল ও মেডিকেল ইনস্টিটিউটসমূহের Relative Entitled (RE) ও Civil Non Entitled (CNE) রোগীদের চিকিৎসা সহায়তা বাবদ বিভিন্ন খাতে আদায়যোগ্য অর্থের (User Fee) যুক্তিসঙ্গত ন্যূনতম হার নির্ধারণ করবে।

(চ) RE রোগীদের ক্ষেত্রে এ হার CNE রোগীদের তুলনায় অর্ধেক (৫০%) হবে।

৪। এই নীতিমালা আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ নাজমুল হক**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৮ ভাদ্র ১৪৩০/২৩ আগস্ট ২০২৩

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০২.২৩-১০৮০**—ঢাকা জেলার হাজারীবাগ থানার মামলা নং-৩৪(০৫)২০১৯-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ, ১৮ শ্রাবণ ১৪৩০/০২ আগস্ট ২০২৩

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২২.২১-১০১৮**—ঢাকা জেলার শেরেবাংলা নগর থানার মামলা নং-০৪(০৫)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(আ)(ঈ)/৮/৯ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মফিজুল ইসলাম**
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)।